

মাহরামসহ হজ আদায়ের সামর্থ্যহীন নারীদের করণীয়

প্রশ্ন: কোনো নারীর নিজের হজ করার সামর্থ্য আছে, কিন্তু কোনো মাহরামকে সঙ্গে নিয়ে যাওয়ার মতো সামর্থ্য নেই। এমন নারীর উপর কি হজ ফরয হবে? এবং তার জন্য কি অন্য কাউকে দিয়ে বদলি হজ করানো জরুরি?

-আব্দুল্লাহ ফাহিম

উত্তর: জি, এমন নারীর উপর হজ ফরয হবে। -সূরা আলে-ইমরান ০৩:৯৭; তাফসীরে তাবারী: ৬/৩৭ (আর-রিসালাহ, বৈরুত); আহকামুল কুরআন লিল জাসসাস: ২/৩০৭ (দারু ইহয়ায়িত তুরাস); জামে তিরমিযী: ২/১৬৯ হাদীস: ৮১৩ (দারুল গরবিলা ইসলামী, বৈরুত); রদ্দুল মুহতার: ২/৪৫৮ (দারুল ফিকর, বৈরুত)

কিন্তু যেহেতু মাহরাম ছাড়া নারীদের জন্য হজের সফরও জায়েয নেই, তাই এমন নারীর কর্তব্য হলো, মাহরামদের কেউ নিজ খরচে হজ করে কি না সেদিকে নজর রাখা অথবা কোনো মাহরামকে নিজ খরচে হজে নিয়ে যাওয়ার মতো অর্থ হাতে আসা পর্যন্ত অপেক্ষা করা। যদি অপেক্ষার পরও দুটোর কোনোটাই না হয় এবং ততদিনে সফরে বের হওয়ার মতো শারীরিক সক্ষমতা হারিয়ে যায়, তাহলে অন্যকে দিয়ে বদলি হজ করাবে। বদলি হজ করানোর পূর্বে মৃত্যুর সময় ঘনিষে এলে বদলি হজের অসিয়ত করে যাবে। -সহীহ বুখারী: ২/১৩২, ৩/১৯ হাদীস: ১৫১৩, ১৮৬২

(দারু তওকিন নাজাহ); সুনানে দারাকুতনী: ৩/২২৭ হাদীস: ২৪৪০
(আর-রিসালাহ, বৈরুত); ফাতাওয়া কাজীখান: ১/১৮৮ (আল-
মাকতাবাতুল আশরাফিয়া); আল-মুহিতুল বুরহানী: ৩/৬৩ (দারু
ইহয়্যারিত তুরাস); ফাতহুল কাদীর: ৩/১৪৬ (দারুল ফিকর, বৈরুত);
আল-বাহরুর রায়েক: ৩/৬৬ (দারুল কিতাবিল ইসলামী); আন-নাহরুর
ফায়েক: ২/৫৮ (যাকারিয়া বুক ডিপো); আল-হিন্দিয়া: ১/২১৬
(দারুল ফিকর); রদুল মুহতার: ২/৪৬৪-৪৬৫, ৫৯৮-৫৯৯ (দারুল
ফিকর) আল-মাওসুআতুল ফিকহিয়াহ: ১৭/৩৫ (ওয়ারাতুল
আওকাফ, কুয়েত)

আবু মুহাম্মাদ আব্দুল্লাহ আলমাহদি (উফিয়া আনছ)

০৩-১২-১৪৪৫ হি.

১০-০৬-২০২৪ ঈ.

